

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৫টি প্রতিষ্ঠানকে ৯০.০০ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুলের নেতৃত্বে গত ৪ এপ্রিল ২০১৬ তারিখে কুমিল্লার সদর দক্ষিণ উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,০০০/- (দুই হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

গত ৬ এপ্রিল ২০১৬ তারিখে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CFC এবং Sky View Lounge কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

গত ১০ এপ্রিল ২০১৬ তারিখে চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কৃষ্ণ পদ ঢালীর নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা অস্বাস্থ্যকর উপায়ে খাদ্যপণ্য তৈরীর অপরাধে জরিমানা আরোপ ও আদায় হয়।

গত ১৯ এপ্রিল ২০১৬ তারিখে সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ দৌল্যার নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

গত ২৫ এপ্রিল ২০১৬ তারিখে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নবাব চাটগা, ল্যা মেরিডিয়ান এবং পামকিং ফুড ভিলেজ কে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ঢাকা কমিউনিটি মেটিকেল কলেজ হাসপাতাল (ফার্মেসী) কে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ৬,০০০/- (ছয় হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

গত ২৭ এপ্রিল ২০১৬ তারিখে ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে শর্মা হাউস, আলমাস সুপার সপ, শর্মা হাউস, দি মোঘল কিচেন, ফ্লামবে ও জেনিয়াল কে যথাক্রমে ৪,০০০/- (চার হাজার) টাকা, ৬,০০০/- (ছয় হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২৭,০০০/- (সাতাইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ৬,৭৫০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

উপরোক্ত বাজার তদারকিতে ১৫ টি প্রতিষ্ঠানকে সর্বমোট ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১৪ জন অভিযোগকারীদেরকে মং ১৮,৭৫০/- (আঠার হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা, কুমিল্লা, চাঁপাইনবাবগঞ্জ ও সিলেট।
- ৬। পুলিশ সুপার, ঢাকা, কুমিল্লা, চাঁপাইনবাবগঞ্জ ও সিলেট।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।